

ইত্তেফাক

নতুন ড্রেস পেল নোয়াখালীর তিন হাজার শিক্ষার্থী

■ নোয়াখালী প্রতিনিধি

নোয়াখালী সদর উপজেলা পরিষদ এক প্রশংসনীয় উদ্যোগ গ্রহণ করেছে। পরিষদের পক্ষ থেকে প্রাথমিক বিদ্যালয়গুলোর শিক্ষার্থীদের লেখাপড়ায় উৎসাহিত করতে ৩ হাজার শিক্ষার্থীকে নতুন ড্রেস প্রদান করেছে। পরিষদের ১৫টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে আনুষ্ঠানিকভাবে উপজেলা পরিষদ চেয়ারম্যান আতাউল হক সিদ্দিকী উকিল শাফিন এ ড্রেস প্রদান করেছেন।

মাদেহপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে এ অনুষ্ঠানে বক্তব্য রাখেন উপজেলা নির্বাহী কর্মকর্তা নুরুল ইসলাম জেলা সরকারি শিক্ষা অফিসার খাইরুল ইসলাম মহম্মদ, সদর উপজেলা শিক্ষা কর্মকর্তা জসিম উকিল শেখ ও মাদেহপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মনির উকিল প্রমুখ।

নতুন ড্রেস পেয়ে মাদেহপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থী মুনাহা আক্তার, শাকিনা মোস্তাফিজা, আবদুল রহমানসহ অনেকে জানায়, আগে তাদের কোনো ড্রেস ছিল না। নতুন ড্রেস পেয়ে তাদের খুব ভালো লাগছে এবং এই ড্রেস পরে তারা স্থলে আসবে।

উপজেলা পরিষদ চেয়ারম্যান জানান, পর্যায়ক্রমে উপজেলার ১৯৮টি প্রাথমিক বিদ্যালয়ে এ ড্রেস প্রদান করা হবে। যাতে করে শিক্ষার্থীরা সুন্দর পরিবেশে লেখাপড়া করতে উৎসাহিত হয়।